দৈনিক সংবাদ

তারিখ ... MAY 27 1999
পৃষ্ঠা 2 কলাম ৪

৩৮

# বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দের দাবিতে ছাত্র ইউনিয়নের মিছিল

বাজেটে জাতীয় আয়ের শতকরা ৮ ভাগ শিক্ষা খাতে বরাদ্দের দাবিতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিলশেষে সমাবেশ করে। ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মঞ্জুর-এ-খোদা টরিক। বক্তব্য রাখেন সংগঠনের সাংগঠনিক সম্পাদক শরিফুজ্জামান শরিফ, কল্যাণ কল্লোল, নাদিরা সুলতানা নদী, হাফিজ আদনান রিয়াদ। বক্তারা শিক্ষার বেসরকারিকরণের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান। সংবাদ বিজ্ঞপ্তি।